



জরুরি

স্মারক নম্বর: ৩৮.০০.০০০০.০০৮.৯৯.০০১.১৬.২৬৪

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৭

১০ আগস্ট ২০২০

বিষয়: **COVID-19** পরিস্থিতিতে বেতারের মাধ্যমে দূরশিক্ষণ পদ্ধতিতে (Distance Mode) প্রাথমিক শিক্ষা পাঠ সম্প্রচার বিষয়ক প্রচারণা।

সূত্র: প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পত্র নং-৩৮.০১.০০০০.৬০০.২৫.০৬৮.২০.২৯২, তারিখ: ২৯/০৭/২০২০

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, COVID-19 পরিস্থিতিতে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের লেখাপড়ার ধারাবাহিকতা রক্ষায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ইউনেস্কো এর CapED কর্মসূচির আওতায় দূরশিক্ষণ (Distance Mode) পদ্ধতিতে বেতারের মাধ্যমে প্রাথমিক শিক্ষার পাঠ “ঘরে বসে শিখি” সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ বেতার এবং ১৬টি কমিউনিটি রেডিও এর মাধ্যমে সারাদেশে একযোগে ১২ আগস্ট ২০২০ হতে রবি - বৃহস্পতিবার বিকাল ৪.০৫ - ৪.৫৫টা পর্যন্ত প্রাথমিক শিক্ষার পাঠ সম্প্রচার করা হবে। রেডিও এবং মোবাইল ফোনের রেডিও অপশনের মাধ্যমে উক্ত পাঠ সম্প্রচারের অনুষ্ঠান শোনা যাবে।

২। এমতাবস্থায়, বাংলাদেশ বেতার এবং কমিউনিটি রেডিও এর মাধ্যমে প্রাথমিক শিক্ষার পাঠ “ঘরে বসে শিখি” সম্প্রচারের বিষয়ে নিম্নবর্ণিত বার্তাটি বাংলাদেশ টেলিভিশন, সংসদ বাংলাদেশ টেলিভিশন, সকল বেসরকারি টেলিভিশন চ্যানেল (টিভি স্ক্রল) এবং জাতীয় দৈনিক পত্রিকায় বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

বাংলাদেশ বেতার এবং কমিউনিটি রেডিও এর মাধ্যমে রবি থেকে বৃহস্পতিবার বিকাল ৪.০৫টা থেকে ৪.৫৫টা পর্যন্ত প্রাথমিক শিক্ষার পাঠ “ঘরে বসে শিখি” সম্প্রচার করা হচ্ছে। সকল শিক্ষার্থীকে উক্ত পাঠে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

১০-৮-২০২০

শামীম আরা নাজনীন

উপসচিব

ফোন: ০২-৯৫৭৭২৫৫

ইমেইল: sassch2@mopme.gov.bd

সচিব

সচিবের দপ্তর

তথ্য মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৩৮.০০.০০০০.০০৮.৯৯.০০১.১৬.২৬৪/১(৯)

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৭

১০ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- ২) মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা
- ৩) মহাপরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা
- ৪) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
- ৭) জনসংযোগ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (তথ্য মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রক্ষাপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)
- ৮) অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ৯) যুগ্মসচিব (বিদ্যালয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়



১০-৮-২০২০

শামীম আরা নাজনীন

উপসচিব